

আজকের গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স - ১৪ নভেম্বর ২০২৫ | Bengali Current Affairs Today - 14 November 2025

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতির জন্য বাংলা ভাষায় আজকের গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স নিচে বিস্তারিতভাবে আলোচনা করা হলো।
পরীক্ষার্থীদের সুবিধার জন্য প্রতিটি বিষয়ের গুরুত্বপূর্ণ তথ্যগুলিকে সহজভাবে তুলে ধরা হয়েছে।

আজকের বাংলা কারেন্ট অ্যাফেয়ার্স

আর্থশট প্রাইজ ২০২৫

পরিবেশ ক্ষেত্রে অন্যতম সম্মানজনক পুরস্কার, আর্থশট প্রাইজ (**Earthshot Prize**), প্রতি বছর পাঁচটি বিভাগে প্রদান করা হয়। পরিবেশ সংরক্ষণে অবদানের জন্য কোনো ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠানকে এই পুরস্কার দেওয়া হয়।

২০২৫ সালের জন্য পাঁচ বিভাগের বিজয়ীরা হলেন:

- প্রোটেক্ট অ্যান্ড রিস্টোর নেচার (**Protect and Restore Nature**): রিহিন (বাজিল)
- ক্লিন আওয়ার এয়ার (**Clean Our Air**): বোগোটা সিটি (কলম্বিয়া)
- রিভিউ আওয়ার ওশেন (**Review Our Ocean**): হাই সিস ট্রিটি (নেদারল্যান্ডস)
- বিল্ড এ ওয়েস্ট-ফ্রি ওয়ার্ল্ড (**Build a Waste-Free World**): লাগোস ফ্যাশন উইক (নাইজেরিয়া)
- ফিক্স আওয়ার ক্লাইমেট (**Fix Our Climate**): ফ্রেন্ডশিপ (বাংলাদেশ)

এই পুরস্কারটি ২০২০ সালে ওয়েলসের প্রিস উইলিয়াম দ্বারা শুরু হয়েছিল এবং এটি ‘দ্য আর্থ শট প্রাইজ ফাউন্ডেশন’ দ্বারা প্রদান করা হয়। প্রত্যেক বিজয়ীকে ১ মিলিয়ন পাউন্ড পুরস্কার মূল্য হিসেবে দেওয়া হয়।

তানজানিয়ার নতুন প্রধানমন্ত্রী

আফ্রিকার দেশ তানজানিয়ার নতুন প্রধানমন্ত্রী হিসেবে নিযুক্ত হয়েছেন ভিগুলু এনচেম্বা (**Vigulu Nchemba**)। তিনি তানজানিয়ার ১২তম প্রধানমন্ত্রী হিসেবে কাসিম মাজালিওয়া (**Kasim Majaliwa**)-এর স্থলাভিষিক্ত হলেন।

তানজানিয়ার বর্তমান রাষ্ট্রপতি হিসেবে সামিয়া সুলুহু হাসান (**Samia Suluhu Hassan**), যিনি ২০২১ সাল থেকে এই পদে রয়েছেন এবং ২০২৫ সালে পুনরায় নির্বাচিত হয়েছেন। তানজানিয়া একটি পূর্ব আফ্রিকার দেশ এবং এর রাজধানী ডোভোমা।

জাতীয় শিশু দিবস ও বিশ্ব ডায়াবেটিস দিবস

ভারতে প্রতি বছর ১৪ নভেম্বর ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু-র জন্মবার্ষিকী উপলক্ষে জাতীয় শিশু দিবস (**Children's Day**) পালন করা হয়। এর মূল উদ্দেশ্য হলো শিশুদের শিক্ষা, স্বাস্থ্য এবং অধিকার সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা। ২০২৫ সালের জন্য এই দিবসের থিম হলো “ফর এভেরি চাইল্ড, এভেরি রাইট” (**For Every Child, Every Right**)।

অন্যদিকে, আন্তর্জাতিক শিশু দিবস ২০ নভেম্বর পালিত হয়, যার ২০২৫ সালের থিম হলো “মাই ডে, মাই রাইট” (**My Day, My Right**)।

এছাড়াও, ১৪ নভেম্বর বিশ্ব ডায়াবেটিস দিবস (**World Diabetes Day**) পালন করা হয়। WHO দ্বারা ঘোষিত ২০২৫ সালের জন্য এর থিম হলো “ডায়াবেটিস অ্যাক্রস লাইফ স্টেজেস” (**Diabetes Across Life Stages**)।

নিয়োমা এয়ারবেস, লাদাখ

ভারতের আলোচিত নিয়োমা এয়ারবেস (**Nyoma Airbase**) কেন্দ্রশাসিত অঞ্চল লাদাখে অবস্থিত। এই এয়ারবেসটি প্রকৃত নিয়ন্ত্রণ রেখা (Line of Actual Control – LAC) এর কাছে ১৩,০০০ ফুট উচ্চতায় অবস্থিত। সম্প্রতি এই কৌশলগত গুরুত্বপূর্ণ এয়ারবেসটি চালু করা হয়েছে।

এটি LAC থেকে মাত্র ২৫ কিলোমিটার দূরে অবস্থিত, যা এটিকে সামরিক দিক থেকে অত্যন্ত গুরুত্বপূর্ণ করে তুলেছে। এই এয়ারবেসটি বর্ডার রোড অর্গানাইজেশন (BRO) দ্বারা ২১৮ কোটি টাকা ব্যয়ে উন্নত ও আধুনিকীকরণ করা হয়েছে।

সঙ্গাই উৎসব, মণিপুর

সঙ্গাই উৎসব (**Sangai Festival**) ভারতের মণিপুর রাজ্যে পালিত একটি বার্ষিক পর্যটন উৎসব। এই বছর এটি ২১ থেকে ৩০ নভেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হবে। মণিপুরের সংকৃতি ও পর্যটনকে উৎসাহিত করার লক্ষ্যে মণিপুর পর্যটন বিভাগ এই উৎসবের আয়োজন করে।

এই উৎসবের নামকরণ করা হয়েছে মণিপুরের রাজ্য পশু “সঙ্গাই হরিণ”-এর নামে, যা শুধুমাত্র মণিপুরের কেইবুল লামজাও ন্যাশনাল পার্কে (**Keibul Lamjao National Park**) পাওয়া যায়। এটি বিশ্বের একমাত্র ভাসমান ন্যাশনাল পার্ক।

২০২৬ FIH হকি বিশ্বকাপ

২০২৬ সালে অনুষ্ঠিত হতে চলা **FIH** হকি বিশ্বকাপ মৌথভাবে বেলজিয়াম ও নেদারল্যান্ডসে আয়োজিত হবে। এই টুর্নামেন্টটি ১৪ থেকে ৩০ আগস্ট, ২০২৬ পর্যন্ত চলবে। এটি তৃতীয়বার যখন পুরুষ এবং মহিলা উভয় বিভাগের বিশ্বকাপ একইসাথে একই স্থানে আয়োজিত হবে। উভয় বিভাগেই ১৬টি করে দল অংশ নেবে।

উল্লেখ্য, ২০২৩ সালের পুরুষদের হকি বিশ্বকাপ ভারতে অনুষ্ঠিত হয়েছিল, যেখানে জার্মানি বিজয়ী এবং বেলজিয়াম রানার্স-আপ হয়েছিল। ২০২২ সালের মহিলাদের হকি বিশ্বকাপ স্পেন ও নেদারল্যান্ডসে অনুষ্ঠিত হয় এবং নেদারল্যান্ডস বিজয়ী হয়েছিল।

ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন অফ মোটর ভেহিকেল ম্যানুফ্যাকচারার্স

শৈলেশ চন্দ্র (**Shailesh Chandra**) ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন অফ মোটর ভেহিকেল ম্যানুফ্যাকচারার্স (OICA)-এর প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হয়েছেন। তিনি এই পদ অলংকৃত করা প্রথম ভারতীয়।

এই সংস্থাটি বিশ্বব্যাপী স্বয়ংচালিত শিল্পের (Automotive Industry) জন্য নীতি নির্ধারণ করে এবং উৎপাদনকে উৎসাহিত করে। এটি ১৯১৯ সালে প্রতিষ্ঠিত হয়েছিল এবং এর সদর দপ্তর প্যারিস, ফ্রান্সে অবস্থিত।

ভারত নেট স্কিম

পাঞ্জাব, সংশোধিত ভারত নেট স্কিম (**Bharat Net Scheme**) বাস্তবায়নকারী ভারতের প্রথম রাজ্য হয়ে উঠেছে। এই প্রকল্পের মূল উদ্দেশ্য হলো ভারতের প্রতিটি গ্রামকে হাই-স্পিড ব্রডব্যান্ড ইন্টারনেট পরিয়েবার সাথে যুক্ত করা।

ভারত নেট ক্রিমটি ২০১১ সালে “ন্যাশনাল অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক” নামে শুরু হয়েছিল, যা ২০১৫ সালে “ভারত নেট প্রজেক্ট” নামকরণ করা হয়। ২০২৩ সালে এর সংশোধিত সংস্করণকে অনুমোদন দেওয়া হয়, যা পাঞ্জাব প্রথম বাস্তবায়ন করল।

প্রথম জাতীয় ইনডোর অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ

ভারতের প্রথম জাতীয় ইনডোর অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ ভূবনেশ্বরের (ওড়িশা) কলিঙ্গ স্টেডিয়ামে আয়োজিত হবে। এই চ্যাম্পিয়নশিপটি জানুয়ারি ২০২৬-এ অনুষ্ঠিত হবে এবং এর আয়োজন করবে অ্যাথলেটিক্স ফেডারেশন অফ ইন্ডিয়া (AFI)।

ভারতের বৃহত্তম গ্রীন হাইড্রোজেন প্ল্যান্ট

ভারতের বৃহত্তম গ্রীন হাইড্রোজেন প্ল্যান্ট কর্ণাটকের বিজয়নগরে স্থাপন করা হয়েছে। এই প্ল্যান্টটি **JSW** এনার্জি দ্বারা চালু করা হয়েছে। এটি ন্যাশনাল গ্রীন হাইড্রোজেন মিশন-এর অধীনে নির্মিত হয়েছে।

এই প্ল্যান্টটি **JSW** স্টিল প্ল্যান্টকে প্রতি বছর ৩৮০০ টন গ্রীন হাইড্রোজেন এবং ৩০০ টন গ্রীন অক্সিজেন সরবরাহ করবে। ন্যাশনাল গ্রীন হাইড্রোজেন মিশনের উদ্দেশ্য হলো ভারতে গ্রীন হাইড্রোজেনের উৎপাদন, ব্যবহার এবং রপ্তানিকে উৎসাহিত করা।

পূর্ববর্তী দিনের কারেন্ট অ্যাফেয়ার্সের রিভিশন

- গ্লোবাল ক্লাইমেট রিস্ক ইনডেক্স ২০২৬: দীর্ঘমেয়াদী সূচকে ভারত ৯ম স্থানে রয়েছে।
- বুকার প্রাইজ ২০২৫: ডেভিড তাসলে জিতেছেন।
- ভিনবক্স (**Vinbbox**) সামরিক মহড়া: ভারত এবং ভিয়েতনামের মধ্যে অনুষ্ঠিত।
- মঙ্গু বালা: হ্যামার থ্রো খেলোয়াড়, ডোপিংয়ের জন্য ৫ বছরের জন্য নির্বাসিত হয়েছেন।
- **G7** বিদেশমন্ত্রীদের বৈঠক ২০২৫: কানাডায় অনুষ্ঠিত হয়েছে।
- ষষ্ঠ ন্যাশনাল ওয়াটার অ্যাওয়ার্ডস ২০২৪: সেরা রাজ্যের পুরস্কার পেয়েছে মহারাষ্ট্র।
- আয়ারল্যান্ডের ১০ম রাষ্ট্রপতি: ক্যাথরিন কোনোলি শপথ নিয়েছেন।
- রিস্ট ড্যালি ফিভার: এই রোগটি প্রথম কেনিয়াতে দেখা গিয়েছিল।
- স্বচ্ছ ভারত মিশন আরবান ২.০: এটি ২০২১ সালে শুরু হয়েছিল।
- **BRIC** (বায়োটেকনোলজি রিসার্চ অ্যান্ড ইনোভেশন কাউন্সিল): এটি ২০২৩ সালে প্রতিষ্ঠিত হয়েছিল।